রেজিস্টার্ড নং ডি এ-১ "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ১৪, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**
**[মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক]**

**প্রজ্ঞাপন**

তারিখ : ৩১ বৈশাখ, ১৪২৭ বঙ্গাব্দ/১৪ মে, ২০২০ খ্রিষ্টাব্দ

**এস. আর. ও. নং ১০৯-আইন/২০২০/১০২-মূসক।**—মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, Customs Act, 1969 (Act No. IV of 1969) এর First Schedule এর কলাম (1) এর Heading 84.28 এর বিপরীতে কলাম (2) এ উল্লিখিত H.S. Code এর আওতাধীন কলাম (3) এ বর্ণিত লিফট, অতঃপর উক্ত পণ্য বলিয়া উল্লিখিত, এর স্থানীয় উৎপাদন এবং উহার উপকরণ ও যন্ত্রাংশ আমদানির ক্ষেত্রে উহাদের উপর আরোপণীয় আগাম কর ব্যতীত সমুদয় মূল্য সংযোজন কর (মূসক) এবং সম্পূরক শুল্ক, প্রযোজ্য ক্ষেত্রে, হইতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অব্যাহতি প্রদান করিল, যথা :—

**শর্তাবলি :**

(ক) উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানকে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ বা, ক্ষেত্রমত, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ কর্তৃক নিবন্ধিত হইতে হইবে;

(খ) উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানের অনুকূলে পরিবেশ অধিদপ্তর কর্তৃক প্রদত্ত ছাড়পত্র গ্রহণ করিতে হইবে;

(গ) উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানে লিফট উৎপাদনের জন্য প্রয়োজনীয় সংখ্যক সংশ্লিষ্ট মেশিনারিজ থাকিতে হইবে, যেমন— Shot Blast Machine, Power Press Machine, Vertical & Horizontal Milling Machine, Inverter DC Arc Welding Machine, Lathe Machine, CNC Punching Machine, CNC Bending Machine, Fiber Laser Cuting Machine, MIG Welding Machine, Water Jet Cutting Machine, Straight Side Mechanical Press Machine, Automatic Rotary Shearing Machine, Automatic TIG Welding Machine, Bench Drilling Machine, Powder Coating/Plant;

(ঘ) উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানকে **'পরিশিষ্ট-ক'** অনুযায়ী সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর বিভাগীয় কর্মকর্তার নিকট মূল্য সংযোজনের স্বপক্ষে একটি ঘোষণাপত্র দাখিল করিতে হইবে এবং উক্ত ঘোষণাপত্রের ভিত্তিতে অন্যূন ত্রিশ শতাংশ মূল্য সংযোজন করিতে হইবে;

(ঙ) যথাযথ কাস্টমার সেবা প্রদানের লক্ষ্যে উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানের অধীন বিক্রয়, খুচরা যন্ত্রাংশ ও বিক্রয়োত্তর সেবা প্রদানের ব্যবস্থা থাকিতে হইবে; এবং

(চ) উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানের নিজস্ব গুণগতমান নিয়ন্ত্রণের ব্যবস্থা থাকিতে হইবে।

২। এই প্রজ্ঞাপন সংযোজনকারী প্রতিষ্ঠান ব্যতীত মূসক নিবন্ধিত শুধুমাত্র উৎপাদনকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

৩। এই প্রজ্ঞাপনের অধীন অব্যাহতি সুবিধা প্রাপ্তির লক্ষ্যে দফা ১ এ উল্লিখিত শর্তাবলি প্রতিপালনপূর্বক উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানকে জাতীয় রাজস্ব বোর্ডে আবেদনপত্র দাখিল করিতে হইবে।

৪। দফা ৩ এর অধীন দাখিলকৃত আবেদনপত্র বিবেচনার জন্য জাতীয় রাজস্ব বোর্ড নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে একটি কমিটি গঠন করিবে, যথা :—

| | | |
|---|---|---|
| (ক) | দ্বিতীয় সচিব (মূসক), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা | আহ্বায়ক; |
| (খ) | সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর বিভাগীয় কর্মকর্তা | সদস্য; |
| (গ) | বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের এক বা একাধিক যথোপযুক্ত প্রতিনিধি | সদস্য; এবং |
| (ঘ) | সংশ্লিষ্ট মূসক সার্কেলের রাজস্ব কর্মকর্তা; | সদস্য সচিব। |

৫। দফা ৪ এ উল্লিখিত কমিটি আবেদনকারী প্রতিষ্ঠান পরিদর্শনপূর্বক জাতীয় রাজস্ব বোর্ডে একটি প্রতিবেদন দাখিল করিবে।

৬। দফা ৫ এর অধীন দাখিলকৃত প্রতিবেদন বিবেচনাপূর্বক বোর্ড, এই প্রজ্ঞাপনের শর্তাবলি যথাযথভাবে প্রতিপালিত হইয়াছে মর্মে সন্তুষ্ট হইলে, উক্তরূপ প্রতিবেদন প্রাপ্তির অন্যূন ত্রিশ কার্যদিবসের মধ্যে আবেদনপত্রটি নিষ্পত্তি করিবে এবং উক্ত পণ্য উৎপাদানকারী প্রতিষ্ঠানকে অব্যাহতি প্রদান করিতে পারিবে যাহা অনুমোদনের তারিখ হইতে কার্যকর হইবে।

৭। উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানের নিকট মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর অধীন মূল্য সংযোজন কর, সুদ, অর্থদণ্ড বা জরিমানা বাবদ কোনো বকেয়া দায়-দেনা থাকিতে পারিবে না।

৮। এই প্রজ্ঞাপনের উদ্দেশ্য পূরণকল্পে, উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানকে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৫১, ৫৩, ৫৪, ৬৪ ও ১০৭ এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ৪০ এ উল্লিখিত মূল্য সংযোজন কর সংক্রান্ত হিসাবরক্ষণসহ কর চালানপত্র ও দাখিলপত্রের যাবতীয় আনুষ্ঠানিকতা প্রতিপালন করিতে হইবে।

৯। এই প্রজ্ঞাপনের অধীন অব্যাহতিপ্রাপ্ত কোনো প্রতিষ্ঠান দফা ৭ ও ৮ এর শর্ত প্রতিপালন করিতে ব্যর্থ হইলে অব্যাহতির সুবিধা প্রাপ্য হইবে না।

১০। মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৪৬ অনুযায়ী অব্যাহতিপ্রাপ্ত পণ্য উৎপাদনে ব্যবহৃত কোনো উপকরণের উপর পরিশোধিত মূল্য সংযোজন কর রেয়াত পাওয়া যাইবে না।

১১। দফা ৬ এর অধীন অব্যাহতিপ্রাপ্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠান এই প্রজ্ঞাপনে বর্ণিত শর্তাবলি যথাযথভাবে প্রতিপালন করিতেছে কিনা উহা অনুসন্ধানের জন্য বোর্ড প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিতে পারিবে।

১২। দফা ১১ এর অধীন অনুসন্ধানের প্রেক্ষিতে যদি প্রতীয়মান হয় যে, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক এই প্রজ্ঞাপনের কোনো শর্ত প্রতিপালিত হইতেছে না তাহা হইলে উহার বিরুদ্ধে Customs Act, 1969 ও মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর বিধান অনুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাইবে এবং দফা ৬ এর অধীন প্রদত্ত অব্যাহতির সুবিধা বাতিল করিবার লক্ষ্যে বোর্ডে কারণ উল্লেখপূর্বক সুপারিশপত্র প্রেরণ করিলে বোর্ড উক্ত সুবিধা তাৎক্ষণিকভাবে বাতিল করিতে পারিবে।

১৩। এই প্রজ্ঞাপন ৩০ মার্চ, ২০২২ খ্রিষ্টাব্দ তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে।

## পরিশিষ্ট-ক
[শর্তাংশের দফা ১ (ঘ) দ্রষ্টব্য]

১। করদাতার নাম :
২। ঠিকানা :
৩। ব্যবসায় সনাক্তকরণ সংখ্যা :
৪। ঘোষণার তারিখ :

| ক্রমিক সংখ্যা | H.S. Code | উৎপাদিত পণ্যের নাম ও বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে ব্র্যান্ডনেমসহ) | সরবরাহ/ বিক্রয়ের একক | পণ্য উৎপাদনে ব্যবহার্য উপকরণ/ কাঁচামাল এবং প্যাকিং সামগ্রীর নাম ও বিবরণ | একক পণ্য উৎপাদনে ব্যবহার্য অপচয়সহ উপকরণ/কাঁচামাল ও প্যাকিং সামগ্রীর পরিমাণ (অপচয়ের পরিমাণ প্রথম বন্ধনীর মধ্যে আলাদাভাবে উল্লেখ করিতে হইবে) | কলাম (৬) এ বর্ণিত উপকরণ বা প্যাকিং সামগ্রীর মূল্য [আমদানিকৃত হইলে শুল্কায়ন যোগ্য মূল্য+ শুল্ক+সম্পূরক শুল্ক+এলসি ফি+ অবকাঠামো উন্নয়ন সারচার্জ/স্থানীয় উৎপাদিত হইলে সম্পূরক শুল্কসহ মোট ক্রয়মূল্য (প্রদত্ত মূসক ব্যতীত)/আবগারি পণ্য হইলে আবগারি শুল্কসহ মোট মূল্য/মূসক অব্যাহতিপ্রাপ্ত হইলে মোট ক্রয়মূল্য] | মূল্য সংযোজনের খাত/ আইটেমের নাম | প্রত্যেক একক পণ্য মূল্যে কলাম (৮) এ উল্লিখিত প্রতিটি আইটেম বা খাতের অবদান/মূল্য সংযোজনের পরিমাণ | সম্পূরক শুল্ক আরোপযোগ্য মূল্য (যদি বিবেচ্য পণ্যের উৎপাদন পর্যায়ে সম্পূরক শুল্ক প্রযোজ্য থাকে) [কলাম (৭) ও (৯) এর যোগফল] | | কলাম (১১) এ প্রস্তাবিত মূল্যের উপর সম্পূরক শুল্কের পরিমাণ | মূসক আরোপযোগ্য মূল্য [কলাম (১১)+কলাম (১২)] [বিঃদ্রঃ যেক্ষেত্রে স্থানীয় পর্যায়ে সম্পূরক শুল্ক প্রযোজ্য নয় সেক্ষেত্রে কলাম (৭)+(৯)] | | শুল্ক ও করসহ বিক্রয়মূল্য | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | বর্তমান | প্রস্তাবিত | | বর্তমান | প্রস্তাবিত | পাইকারী | মুদ্রিত খুচরা মূল্য (যদি থাকে) |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) | (১২) | (১৩) | (১৪) | (১৫) | (১৬) |
| | | | | | | | | | | | | | | | |

১। উক্ত টেবিলে প্রদত্ত তথ্যের সমর্থনে প্রমাণিক দলিলাদি এই ঘোষণাপত্রের সহিত সংযুক্ত করা হইয়াছে।

২। আমি এই মর্মে অঙ্গীকার করিতেছি যে, এই প্রজ্ঞাপনে বর্ণিত অব্যাহতি সুবিধা গ্রহণকল্পে সকল তথ্য সত্য ও সঠিক এবং ইহা নির্ধারণের অনুকূলে সকল দলিলাদি আমার এখতিয়ারে রহিয়াছে।

৩। মূল্য সংযোজন কর কর্তৃপক্ষ কর্তৃক পরিচালিত কোনো তদন্তে উপরি-উক্ত ঘোষণা অসংগতিপূর্ণ বা অসত্য প্রমাণিত হইলে বোর্ড অব্যাহতির সুবিধা বাতিল করিতে পারিবে ও প্রযোজ্য কর পরিশোধযোগ্য হইবে।

নিবন্ধিত ব্যক্তি/ব্যবস্থাপনা কর্তৃপক্ষের স্বাক্ষর ও সিল

তারিখ :

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু হেনা মোঃ রহমাতুল মুনিম**
সিনিয়র সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আসাদুজ্জামান, উপপরিচালক, (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd